গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

**সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | জসীম উদ্দীন হায়দার<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | **০৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.** |
| সভার সময় | **সকাল : ১০.০০ টা** |
| স্থান | **ভার্চুয়াল প্লাটফর্ম (জুম) এ অনুষ্ঠিত** |
| উপস্থিতি | ... |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, এ কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১ কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি আওতাধীন অফিসের সেবাসমূহকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত অনুমোদিত ফরম্যাট অনুযায়ী নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুতপূর্বক সেবাসমুহের বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ, ওয়েবসাইট হালনাগাদকরণ এবং প্রতিটি কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে সূচকের প্রমাণকসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন।

এরপর সভায় আওতাধীন অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কার্যক্রমের বিষয়ে এ কার্যালয়ের পরিবীক্ষণ কমিটির পর্যালোচনা তুলে ধরা হয়। অতপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন :** সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার বিষয়ে উল্লেখ রয়েছে। | ১। নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষরসহ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | ১। জেলা প্রশাসক (রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা ও সিরাজগঞ্জ) |

| | | | |
|---|---|---|---|
| ০২. | **ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ :** ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য বলা হয়েছে। আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা প্রয়োজন। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ অনুযায়ী এ বিভাগের জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করে দেখা যায় যে, এ বিভাগের সকল জেলার সেবা প্রদান প্রতিশ্রুতির সেবাসমূহকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা** ও **অভ্যন্তরীণ সেবা** হিসেবে তিন ভাগে বিভক্ত করে ৮ কলামের নির্ধারিত ফরম্যাট এ প্রস্তুত করা হয়েছে। তবে **নওগাঁ, বগুড়া ও জয়পুরহাট জেলা** ব্যতীত অন্য ৫টি জেলার (রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা ও সিরাজগঞ্জ) সেবা প্রদান প্রতিশ্রুতি ১ম ত্রৈমাসিকে হালনাগাদ পাওয়া যায়নি।<br>মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতিকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা** হিসেবে তিন ভাগে বিভক্ত করে নির্ধারিত ফরমেটে ৮ কলামে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষরসহ ওয়েব সাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোড করা প্রয়োজন। | ১। ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষরসহ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। | ১। জেলা প্রশাসক সকল (রাজশাহী বিভাগ) |
| ০৩. | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন :** সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ অনুযায়ী এ বিভাগের জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ে ১টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা/অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে উল্লেখ রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের যে কোন একটি কোয়ার্টারে তা সম্পন্ন করা প্রয়োজন। | ০১। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ে ১টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা/ অবহিতকরণ সভা ২০২৩-২৪ অর্থবছর শেষ হওয়ার পূর্বে আয়োজন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ |
| ০৪. | **বিবিধ : ১। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন:** নিজ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিকভিত্তিতে পুনর্গঠন করা প্রয়োজন।<br>২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ যথাযথভাবে বাস্তবান করার নির্দেশনা রয়েছে।<br>৩। কাঙ্খিত সেবা না পেলে বা সংক্ষুদ্ধ হলে কিভাবে প্রতিকার পাবেন, কার নিকট পাবেন তা সেবা প্রদান প্রতিশ্রুতির শেষে সংযুক্ত করা প্রয়োজন। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিকভিত্তিতে পুনর্গঠন করতে হবে।<br>২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ যথাযথ বাস্তবায়ন করতে হবে।<br>৩। সেবা প্রদান প্রতিশ্রুতির শেষে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী তথ্যাদি সংযুক্ত করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭-০৯-২০২৩

জসীম উদ্দীন হায়দার
অতিরিক্ত বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭৭৭৫ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
adldivcomgrajshahi@mopa.gov.bd

২৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৭ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২৩.৯৮২

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, সুশাসন অধিশাখা);
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/বগুড়া/সিরাজগঞ্জ/জয়পুরহাট;
৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৫। সহকারী কমিশনার, রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৬। সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং
৭। উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭-০৯-২০২৩
জসীম উদ্দীন হায়দার
অতিরিক্ত বিভাগীয় কমিশনার